# উপকূলীয় জলবায়ু ও দুর্যোগ প্রস্তুত জনগোষ্ঠী গঠনে করণীয় বিষয়ক নির্দেশিকা



**Promoting Disaster Ready Inclusive Preparedness towards Adaptation (PRODRIPTA/প্রদৃপ্ত)**

**Humanitarian and Climate Action Program**
**CARE Bangladesh**

# সূচীপত্র


- বাংলাদেশের দুর্যোগসমূহ
- ঘূর্ণিঝড়
- জলোচ্ছ্বাস
- ঘূর্ণিঝড়ের সতর্ক সংকেতসমূহের অর্থ
- ঘূর্ণিঝড় সংকেত এর সময় করণীয়
  - ১, ২ ও ৩ নং সংকেতে জনগোষ্ঠীর করণীয়
  - ৪ নং স্থানীয় হুঁশিয়ারী সংকেতে জনগোষ্ঠীর করণীয়
  - ৫, ৬ ও ৭নং বিপদ সংকেতে জনগোষ্ঠীর করণীয়
  - ৮, ৯ এবং ১০নং মহাবিপদ সংকেতে জনগোষ্ঠীর করণীয়
- উপকূলীয় দুর্যোগে কৃষি ক্ষেত্রে দুর্যোগ প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়সমূহ
- উপকূলীয় দুর্যোগে প্রাণিসম্পদ রক্ষায় দুর্যোগ প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়সমূহ
- উপকূলীয় দুর্যোগে মৎস্যসম্পদ রক্ষায় দুর্যোগ প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়সমূহ
- উপকূলীয় দুর্যোগে ওয়াশ (WASH) এর ক্ষেত্রে পূর্বপ্রস্তুতি ও আগাম কার্যক্রমসমূহ
- উপকূলীয় দুর্যোগে শেল্টার ব্যবস্থাপনার ক্ষেত্রে করণীয়সমূহ
- উপকূলীয় দুর্যোগ পরবর্তী করণীয়

# ব্যবহার নির্দেশিকা

- প্রথমে বিষয়বস্তু সম্পর্কে ভালোভাবে জেনে নিন।
- অংশগ্রহণকারীদের **C** বা **U** আকৃতিতে বসাতে চেষ্টা করুন, অংশগ্রহণকারীরা যদি চেয়ারে বসেন তাহলে আপনি দাঁড়িয়ে আর যদি মাদুরে বসেন তাহলে আপনি ছোট টুলে বসে বক্তব্য উপস্থাপন করুন।
- আলোচনা শুরুর আগে অংশগ্রহণকারীদের সঙ্গে পরিচয় ও শুভেচ্ছা বিনিময়ের মাধ্যমে আলোচনার পরিবেশ তৈরি করুন।
- অংশগ্রহণকারীরা যাতে স্বতঃস্ফূর্তভাবে আলোচনায় অংশগ্রহণ করেন সেই বিষয়ে সচেষ্ট থাকুন।
- অন্য যে কোন মানুষের শারীরিক, মানসিক, সামাজিক, অর্থনৈতিক অবস্থান নিয়ে কোন স্পর্শকাতর মন্তব্য করা থেকে বিরত থাকুন।
- উপস্থাপনার সময় সহায়িকাটি আপনার বাঁ দিকে বুকের কাছে ধরুন। ডান হাতের সাহায্যে পৃষ্ঠা উল্টিয়ে বক্তব্যের সহায়ক ছবিগুলো প্রদর্শন করুন।
- লক্ষ্য রাখুন অংশগ্রহণকারীরা যেন ছবিগুলো ভালোভাবে দেখতে পান।
- অংশগ্রহণকারীরা যাতে বুঝতে পারে এমন সহজভাবে তথ্যগুলো উপস্থাপন করুন, সম্ভব হলে স্থানীয় ভাষা ব্যবহার করুন।
- গুরুত্বপূর্ণ কথাগুলো প্রয়োজনে পুনরাবৃত্তি করুন ও দুর্যোগ প্রস্তুতিমূলক কার্যক্রমগুলোকে ব্যাখ্যা করার চেষ্টা করুন।
- বক্তব্য প্রদানের ক্ষেত্রে জেন্ডার সমবেদনশীলতার বিষয়টি বিশেষভাবে লক্ষ্য রাখুন। নারীর অবমাননা অথবা অধিকার ক্ষুন্ন হয় এমন শব্দ বা ভাষা ব্যবহার এবং ইঙ্গিত প্রদান কোন ভাবেই গ্রহণযোগ্য নয়।
- আলোচনার মধ্যে কিছু প্রশ্ন রাখুন এবং অংশগ্রহণকারীদের কাছ থেকে তার উত্তর জেনে নেওয়ার চেষ্টা করুন।
- আলোচনা শেষ হলে সংক্ষেপে পর্যালোচনা করুন এবং শুভেচ্ছা বিনিময়ের মাধ্যমে আলোচনা পর্ব শেষ করুন।

# বাংলাদেশের দুর্যোগসমূহ

## ভূ-তাত্ত্বিক ও জলবায়ু পরিবর্তনজনিত কারণে সৃষ্ট দুর্যোগসমূহ




ঘূর্ণিঝড়



জলোচ্ছ্বাস



বন্যা



খরা



ভূমিকম্প



নদী ভাঙ্গন

## মানবসৃষ্ট দুর্যোগসমূহ



অগ্নিকান্ড



পরিবেশ দূষণ



যুদ্ধ, দাঙ্গা, রাজনৈতিক অস্থিরতা

# ঘূর্ণিঝড়




## ঘূর্ণিঝড় কী?

গভীর সমুদ্রের কোন একটি স্থানে তাপমাত্রা বৃদ্ধি পেলে (২৭° সেন্টিগ্রেডের বেশি) বায়ু উষ্ণ হালকা হয়ে উপরে উঠে যায় এবং একটি নিম্নচাপ কেন্দ্রের সৃষ্টি হয়। তখন চারদিকের শীতল ও ভারী বায়ু প্রবল বেগে নিম্নচাপ কেন্দ্রের দিকে ঘুরতে ঘুরতে ছুটে আসে। কেন্দ্রমুখী এই প্রবল বায়ু প্রবাহ হচ্ছে ঘূর্ণিঝড় ।

## ঘূর্ণিঝড়ের সময়

বাংলাদেশে ঘূর্ণিঝড়ের ইতিহাস অনুযায়ী বছরে নিম্নোক্ত সময়গুলোতে সবচেয়ে ভয়াবহ ঘূর্ণিঝড় হয়ে থাকে

গ্রীষ্মকালের শুরু অর্থাৎ মৌসুমি বায়ু আগমনের প্রাক্কালে

- **বাংলা ঃ** চৈত্র -জ্যৈষ্ঠ (**ইংরেজি ঃ** এপ্রিল - জুন মাস)

বর্ষাকালের শেষে অর্থাৎ মৌসুমি বায়ু প্রস্থানের সময়

- **বাংলা ঃ** আশ্বিন-কার্তিক (**ইংরেজি ঃ** সেপ্টেম্বর - নভেম্বর মাস)

| ঘূর্ণিঝড়ের শ্রেণীবিভাগ | বাতাসের গতিবেগ |
|---|---|
| **লঘুচাপ** (Low Pressure) | ঘন্টায় ১৭ নটিক্যাল মাইল (৩১ কি.মি.) বা এর নিচে |
| **সুস্পষ্ট লঘুচাপ** (Extreme Low Pressure) | ঘন্টায় ১৭-২১ নটিক্যাল মাইল (৩১-৪০ কি.মি.) |
| **নিম্নচাপ** (Depression) | ঘন্টায় ২২-২৭ নটিক্যাল মাইল (৪১-৫০ কি.মি.) |
| **গভীর নিম্নচাপ** (Deep Depression) | ঘন্টায় ২৮-৩৩ নটিক্যাল মাইল (৫১-৬১ কি.মি.) |
| **ঘূর্ণিঝড়** (Cyclone) | ঘন্টায় ৩৪-৪৭ নটিক্যাল মাইল (৬২-৮৮ কি.মি.) |
| **প্রবল ঘূর্ণিঝড়** (Severe Cyclone) | ঘন্টায় ৪৮-৬৩ নটিক্যাল মাইল (৮৯-১১৭ কি.মি.) |
| **অতি প্রবল ঘূর্ণিঝড়** (Severe Strong Cyclone) | ঘন্টায় ৬৪-১১৯ নটিক্যাল মাইল (১১৮-২২১ কি.মি.) |
| **সুপার সাইক্লোন** (Super Cyclone) | ঘন্টায় ১২০ নটিক্যাল মাইল (২২২ কি.মি.) বা এর বেশি |

*তথ্যসূত্র ঃ দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী ২০১৯*

# জলোচ্ছ্বাস






## জলোচ্ছ্বাস কী?

সামুদ্রিক ঘূর্ণিঝড়ের সঙ্গে জলোচ্ছ্বাসের সম্পর্ক থাকেই। ঘূর্ণিঝড়ের কেন্দ্রে বাতাসের চাপ খুব কম থাকায় কেন্দ্রের কাছাকাছি অঞ্চলে সমুদ্রের পানি স্ফীত হয়ে উঠে এবং একেই জলোচ্ছ্বাস বলে। ঝড়ে সমুদ্রের বুকে যে ঢেউয়ের সৃষ্টি হয় তার সঙ্গে জোয়ারের পানি বৃদ্ধি পেয়ে সমুদ্র উপকূলে আঘাত হানে। ঘূর্ণিঝড়ের তীব্র বাতাসে সৃষ্ট সমুদ্রের ঢেউ স্বাভাবিক জোয়ারের চেয়ে অনেক বেশি হয়। আর তা যদি অমাবস্যা বা পূর্ণিমার সময় হয়, তাহলে এ জলোচ্ছ্বাসের উচ্চতা আরও অনেক বেশি হয়ে ভয়ঙ্কর রূপ ধারণ করে।

## জলোচ্ছ্বাসের উচ্চতা

১৫-৪০ ফুট (৪.৫-১২ মিটার) পর্যন্ত হয়ে থাকে। ১৯৭০ সালে ঘূর্ণিঝড়ে ভোলায় ৪০ ফুট (১২ মিটার) এবং ১৯৯১ সালে চট্টগ্রাম উপকূলে ১৫-২০ ফুট (৪.৫-৬ মিটার) জলোচ্ছ্বাস হয়েছিলো। ১৫ নভেম্বর ২০০৭ এ সংগঠিত সিডর সাইক্লোনে পটুয়াখালী ও বরগুনা অঞ্চলে ২০-২৫ ফুট (৬-৭ মিটার) উচ্চতার জলোচ্ছ্বাস হয়েছিলো।

# ঘূর্ণিঝড়ের সতর্ক সংকেতসমূহ


| সংকেত নং | দমকা হাওয়ার গতিবেগ (কি.মি./ঘন্টা) | ঘূর্ণিঝড় সতর্কীকরণ পতাকা |
|---|---|---|
| ১নং দূরবর্তী সতর্ক সংকেত | ৫১-৬১ | কোন পতাকা উত্তোলন করা হবে না |
| ২নং দূরবর্তী হুঁশিয়ারী সংকেত | ৬২-৮৮ | |
| ৩ নং স্থানীয় সতর্ক সংকেত | ৪০-৫০ | |
| ৪ নং স্থানীয় হুঁশিয়ারী সংকেত | ৫১-৬১ | ১টি পতাকা  |
| ৫নং বিপদ সংকেত | ৬২-৮৮ | ২টি পতাকা  |
| ৬ নং বিপদ সংকেত | | |
| ৭ নং বিপদ সংকেত | | |
| ৮ নং মহাবিপদ সংকেত | ৮৯-১১৭ | ৩টি পতাকা  |
| ৯ নং মহাবিপদ সংকেত | ১১৮-১৭০ | |
| ১০ নং মহাবিপদ সংকেত | ১৭০ কি.মি. এর বেশি | |
| ১১ নং যোগাযোগ স্থাপনে ব্যর্থতা বা যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার সংকেত ঘূর্ণিঝড় সতর্কীকরণ কেন্দ্রের সঙ্গে সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন। | | |

*তথ্যসূত্র ঃ দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী ২০১৯*

# ১, ২ ও ৩ নং সতর্ক সংকেতে জনগোষ্ঠীর করণীয়



গভীর সাগরে একটি ঘূর্ণিঝড় সৃষ্টি হচ্ছে, প্রস্তুতি নিতে হবে



কমিউনিটি ভিত্তিক বিদ্যমান পরিকল্পনা অনুযায়ী ব্যবস্থা নিতে হবে

কোন পতাকা উত্তোলন করা হবে না



ব্যাটারিচালিত রেডিও ও টর্চলাইট প্রস্তুত রাখতে হবে



নিয়মিত রেডিও, টেলিভিশনের খবরে বা মোবাইলে ১০৯০ এ আবহাওয়ার সংবাদ শোনা



শুকনো খাবার, জরুরি ওষুধ ও প্রাথমিক চিকিৎসা সামগ্রী সংগ্রহে রাখতে হবে


# ৪ নং স্থানীয় হুঁশিয়ারী সংকেতে জনগোষ্ঠীর করণীয়



দূরবর্তী কোন স্থানে না যাওয়া ও
শিশুদের বাইরে ঘোরাফেরা
করতে না দেয়া



মাঠে পাকা ধান বা ফসল থাকলে সংগ্রহ
করার উদ্যোগ নিতে হবে



১ টি পতাকা
উত্তোলন



মূল্যবান ও ভাসমান জিনিসপত্র
নিরাপদে রাখতে হবে



হাঁস-মুরগী ও গবাদিপ্রাণি বাড়ির
কাছাকাছি রাখতে হবে



সিপিপি স্বেচ্ছাসেবকদের প্রচারিত বিশেষ
আবহাওয়া বার্তা নিয়মিত শুনতে হবে


# ৫, ৬ ও ৭ নং বিপদ সংকেতে জনগোষ্ঠীর করণীয়



ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের নিরাপদ ভবন বা ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রে যাওয়ার প্রস্তুতি গ্রহণ করতে হবে



সাড়া প্রদানকারী সংস্থার কাজ হলো শিশু, বৃদ্ধ, গর্ভবতী মহিলা ও প্রতিবন্ধীদের আশ্রয়কেন্দ্রে বা নিরাপদ স্থানে আনার উদ্যোগ নেয়া



২ টি পতাকা উত্তোলন



মূল্যবান সামগ্রী, শুকনা খাবার ও পানি নিরাপদ স্থানে সংরক্ষণের ব্যবস্থা করা



হাঁস-মুরগী ও গবাদিপ্রাণি নিরাপদ স্থানে রাখতে হবে



নিয়মিত আবহাওয়া বার্তা শোনা ও ঝড়ের তীব্রতা পর্যবেক্ষণ করা


# ৮, ৯ ও ১০ নং মহাবিপদ সংকেতে জনগোষ্ঠীর করণীয়



সংশ্লিষ্ট এলাকার বাসিন্দাদের নিরাপদ ভবন বা ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রে স্থানান্তর করতে হবে



ঝড়ের তীব্রতা না কমা পর্যন্ত নিরাপদ স্থানে অবস্থান করতে হবে



৩ টি পতাকা উত্তোলন



স্থানান্তরের সময় শিশু, বৃদ্ধ, গর্ভবতী মহিলা ও প্রতিবন্ধীদের অগ্রাধিকার দিতে হবে



সিপিপি স্বেচ্ছাসেবকদের সতর্কবার্তা প্রচার ও জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুত থাকতে হবে



সাড়া প্রদানকারী সংস্থাগুলোকে পূর্ণ প্রস্তুতিমূলক ব্যবস্থা ও স্থানীয় প্রশাসনের নির্দেশনা অনুসরণ করতে হবে

# উপকূলীয় দুর্যোগে কৃষি ক্ষেত্রে দুর্যোগ প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়সমূহ

- প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়
- পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ
- পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ



# কৃষি ক্ষেত্রে প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়



স্থানীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী ফসল ও দুর্যোগ ক্যালেন্ডার তৈরি করা



এলাকাভিত্তিক জলবায়ু ও দুর্যোগ সহনশীল কৃষি প্রযুক্তি ব্যবহার করা

## প্রস্তুতি ও অভিযোজনমূলক কার্যক্রমসমূহ



ফসল মজুত ও সংরক্ষণের জন্য নিরাপদ স্থানের ব্যবস্থা করা



ক্যালেন্ডার অনুযায়ী চাষের আগাম পরিকল্পনা তৈরি ও উপযুক্ত ফসলের জাত নির্বাচন



সচেতনতা বৃদ্ধিকরণ, প্রশিক্ষণ ও ক্ষেত্র অনুযায়ী আপদকালীন পরিকল্পনা তৈরী করা



কৃষি আবহাওয়া তথ্য ও নির্দেশনা নিয়মিত অনুসরণ করা

# কৃষি ক্ষেত্রে পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ



কৃষি আবহাওয়া তথ্য ও নির্দেশনা নিয়মিত অনুসরণ করা



কৃষি অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী পরিপক্ক ফসল দ্রুত কেটে ফেলা ও সঠিকভাবে সংরক্ষণ করা

**পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ**



বীজ বপন, সার বা কীটনাশক প্রয়োগে কৃষি অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করা



স্বেচ্ছাসেবক ও স্থানীয় উদ্যোগে দুর্যোগের সতর্কবার্তা প্রচার করা



যে সকল ফসল হেলে পড়তে পারে সেগুলো খুঁটি দিয়ে বেঁধে দেওয়া



দ্রুত ফসল কর্তনের যন্ত্রপাতি ও পরিবহনের জন্য জনবল/ যানবাহন/ উপকরণ প্রস্তুত রাখা

# কৃষি ক্ষেত্রে পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ

## পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ



কৃষি আবহাওয়া তথ্য ও নির্দেশনা নিয়মিত অনুসরণ করা



সংগ্রহকৃত পরিপক্ক ফসলসমূহ সঠিক ব্যবস্থাপনায় দ্রুত সংরক্ষণ করা



কৃষি অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী ফসলের বীজ, সার, কীটনাশক ও কৃষি উপকরণ সংরক্ষণ করা



পানির উৎস দূষণ রোধে জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে সার বা কীটনাশক প্রয়োগ না করা



বীজতলার চারা রক্ষার্থে পলিথিন দিয়ে ঢেকে রাখা



ফসলের ক্ষেতে পানি নিষ্কাশনের নালার ব্যবস্থা রাখা

# উপকূলীয় দুর্যোগে প্রাণিসম্পদ রক্ষায় দুর্যোগ প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়সমূহ

- প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়
- পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ
- পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ



# প্রাণিসম্পদ রক্ষায় প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়

**প্রস্তুতি ও অভিযোজনমূলক কার্যক্রমসমূহ**




প্রাণি খাদ্য ও প্রাণির জন্য নিরাপদ স্থান চিহ্নিত করা, ঘাস/ খড়, বিশুদ্ধ পানীয় জল, দানাদার খাদ্য ও সাইলেজ প্রস্তুত, মজুতকরণ ও সংরক্ষণ করা



প্রাণি চিকিৎসকদের নিয়ে মেডিকেল টিম গঠন করা, ফ্রি ভেটেরেনারী/ ভ্যাকসিনেশন ক্যাম্পের মাধ্যমে গবাদিপ্রাণির টিকা প্রদান নিশ্চিত করা



উঠান বৈঠকের মাধ্যমে খামারীদের সচেতনতা বৃদ্ধি ও হাতে-কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা



সবচেয়ে ঝুঁকিপূর্ণ গবাদিপ্রাণির খামার সনাক্ত করা এবং উৎপাদিত পণ্য বিক্রির বিকল্প চ্যানেল তৈরী করা



গবাদিপ্রাণিদের বিবেচনা করে স্থানীয় পর্যায়ে সাইক্লোন শেল্টার/ কিল্লা/ নিরাপদ স্থান প্রস্তুত রাখা



গবাদিপ্রাণির শেড রশি দিয়ে শক্ত করে টানা দেয়া ও পাশের বড় গাছের ডাল কেটে ফেলা

# প্রাণিসম্পদ রক্ষায় পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ

**পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ**



গবাদিপ্রাণি পরিবহনের জন্য যানবাহন প্রস্তুত করা



গবাদিপ্রাণির জন্য সাইলেজ প্রস্তুত ও পর্যাপ্ত সবুজ ঘাস/ খড় আশ্রয়কেন্দ্রে বা কিল্লায় সংরক্ষণ করা



উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী প্রস্তুতি ও সচেতনতামুলক মাইকিং করা



বিক্রয় উপযোগী গবাদিপ্রাণি থাকলে দ্রুত বিক্রির ব্যবস্থা করা



প্রয়োজনীয় ওষুধ সংগ্রহ ও সংরক্ষণ এবং নিরাপদ খাবার পানির ব্যবস্থা করে রাখা



প্রাণি চিকিৎসকদের নিয়ে মেডিকেল টিম গঠন ও প্রাণিসম্পদ অফিসে জরুরি নিয়ন্ত্রণ কক্ষ খোলা

# প্রাণিসম্পদ রক্ষায় পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ



গবাদিপ্রাণির জন্য প্রস্তুতকৃত খাদ্য ও পানীয় পূর্ব নির্ধারিত উঁচু ও নিরাপদ স্থানে পরিবহন করা



স্থানীয় সাইক্লোন শেল্টার বা কিল্লায় গবাদিপ্রাণি সরিয়ে নেয়া



সংশ্লিষ্ট অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী জরুরি সতর্কবার্তা প্রচার করা

পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ



গবাদিপ্রাণিদের পর্যাপ্ত দানাদার খাদ্য/ সাইলেজ/ সবুজ ঘাস/ খড় সরবরাহ করা



গোয়াল ঘরের কাঠামো ও চারিদিকের টানা বাঁধন পুনরায় পর্যবেক্ষণ করা



মোমবাতি, টর্চলাইট, লাইটার, রেডিও, মোবাইল ও চার্জার সাথে রাখা

# উপকূলীয় দুর্যোগে মৎস্যসম্পদ রক্ষায় দুর্যোগ প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়সমূহ

- প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়
- পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ
- পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ



# মৎস্যসম্পদ রক্ষায় প্রস্তুতি ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে করণীয়

**প্রস্তুতি ও অভিযোজনমূলক কার্যক্রমসমূহ**



স্থানীয় উদ্যোগে ঝুঁকিপূর্ণ পুকুর, দীঘি ও ঘের চিহ্নিত করে তালিকা তৈরি করা



জরুরি সহায়তাকারি দল গঠন ও সার্বক্ষণিক যোগাযোগ নিশ্চিত করা



সমুদ্রগামী জেলেদের জীবন রক্ষাকারী সরঞ্জামাদী ও মৎস্য চাষীদের দুর্যোগ পূর্ব মৎস্য রক্ষার উপকরণের ব্যবহার নিশ্চিতকরণ



মৎস্যচাষী ও সমুদ্রগামী জেলেদের প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধিমূলক উদ্যোগ গ্রহণ



সমুদ্রগামী জেলেদের সাথে আলোচনা করে নাম ও ফোন নম্বর সহ তালিকা প্রস্তুত করা



গভীর সমুদ্রের জেলেদের সাথে যোগাযোগের জন্য কার্যকরী মাধ্যম নিশ্চিতকরণ

# মৎস্যসম্পদ রক্ষায় পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ



মাঠ পর্যায়ে পর্যাপ্ত মৎস্য খাবার বা অর্থ নিশ্চিতকরণ এর জন্য মৎস্য অধিদপ্তরের পরামর্শ সভা ও নির্দেশনা অনুসরণ করা



মৎস্য অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী পুকুর বা মৎস্য ঘের জাল দিয়ে ঘেরা ও মাছ সংরক্ষণের উদ্যোগ নেয়া

**পূর্বাভাসভিত্তিক প্রস্তুতিমূলক কার্যক্রমসমূহ**



দুর্যোগ আঘাত হানার আগে নদী বা সমুদ্র থেকে কূলে ফিরে আসা



সমুদ্রগামী জেলেদের সাথে যোগাযোগ স্থাপন ও প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা



ঝুঁকি বিবেচনায় উৎপাদিত মাছ স্থানান্তর ও বাজারজাতকরণের উদ্যোগ নেয়া



নৌবাহিনী ও কোস্টগার্ডকে সার্বক্ষণিক প্রস্তুত রাখা ও উদ্ধারকারী যানবাহন প্রস্তুত রাখা

# মৎস্যসম্পদ রক্ষায় পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ

**পূর্বাভাসভিত্তিক আগাম কার্যক্রমসমূহ**



মৎস্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বেচ্ছাসেবক দলের সহায়তায় মাছ সংরক্ষণের কাজ শুরু করা



দুর্যোগ আঘাত হানার আগে মাছ আহরণ, আহরিত মাছ স্থানান্তরিত বা বাজারজাত করা



মাছের জন্য প্রয়োজনীয় ওষুধ, পানি পরিষ্কারকরণ ট্যাবলেট ও পর্যাপ্ত খাবার মজুদ করা



সমুদ্রে অবস্থানরত জেলেদের সাথে যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা



দুর্যোগের পূর্বাভাস অনুযায়ী গভীর সমুদ্রগামী ট্রলার থেকে নিরাপদ স্থানে মাছ সরিয়ে আনার ব্যবস্থা করা



নৌবাহিনী ও কোস্টগাডের সাথে সার্বক্ষণিক তথ্য সরবরাহ ও জেলেদের নিরাপত্তায় সংযুক্ত রাখা

# পানি, স্যানিটেশন ও হাইজিন এর ক্ষেত্রে পূর্বপ্রস্তুতি ও আগাম কার্যক্রমসমূহ



পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, খাবার স্যালাইন, ওষুধ এবং নারী ও কিশোরীদের বিবেচনা করে হাইজিন কিট মজুদ করা



স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে এলাকার নিরাপদ পানির উৎস ও স্বাস্থ্যসম্মত টয়লেট চিহ্নিত করা ও রক্ষার উদ্যোগ নেয়া



আশ্রয়কেন্দ্রসমূহে পর্যাপ্ত খাবার পানি ও টয়লেটের পানি নিশ্চিত করা



মিস্ত্রিদের দল গঠনের মাধ্যমে প্রয়োজনীয় ক্ষেত্রে এলাকার নলকূপসমূহের সংরক্ষণ ও সংস্কার এর দ্রুত ব্যবস্থা করা



দুর্যোগ আঘাত হানার সময় বিবেচনা করে নলকূপের উপরের অংশ ও মুখ পলিথিন দিয়ে আটকে রাখা



দুর্যোগের সময় বিবেচনা করে প্রাথমিক চিকিৎসা, অনুসন্ধান ও উদ্ধার দলে প্রয়োজনীয় উপকরণ নিশ্চিত করা

# শেল্টার ব্যবস্থাপনার ক্ষেত্রে করণীয়সমূহ



উদ্ধারকার্য পরিচালনা, নিরাপত্তা, জেন্ডার সুরক্ষা নিশ্চিতকরণের গ্রুপে প্রয়োজনীয় সামগ্রী (মোমবাতি, টর্চলাইট, লাইটার, রেডিও সেট) নিশ্চিত করা



পূর্ব নির্ধারিত আশ্রয়কেন্দ্রে স্থানান্তরের জন্য শিশু, প্রতিবন্ধী, গর্ভবতী নারী ও বয়স্ক ব্যক্তিদের চিহ্নিত করে প্রস্তুত রাখা



সাইক্লোন শেল্টারে যাতায়াতের সংযোগ রাস্তাসমূহকে প্রয়োজন অনুযায়ী মেরামত করা



সাইক্লোন শেল্টারের বিদ্যমান সমস্যা ও ঝুঁকিসমূহ চিহ্নিত করে মেরামতের ব্যবস্থা গ্রহণ করা



সাইক্লোন শেল্টারের পরিষ্কার-পরিচ্ছন্নতা, টয়লেটের পানি ও জরুরি উপকরণসমূহ নিশ্চিত করা



শেল্টারে শুকনো খাবার, প্রয়োজনীয় ওষুধ, নিরাপদ পানি, হাইজিন কিট এর ব্যবস্থা ও প্রয়োজনে বিতরণ করা

# দুর্যোগ পরবর্তী করণীয়



রাস্তাঘাটের উপর উপড়ে পড়া গাছপালা সরিয়ে/ কেটে ফেলা যেন সাহায্যকারী দল সহজে আসতে পারে



স্বেচ্ছাসেবকদের মাধ্যমে আশ্রয় গ্রহণকারীদের বাড়িতে পৌঁছে দিয়ে আসা ও ক্ষতিগ্রস্ত পরিবারের তালিকা করা



দুর্যোগ পরবর্তী সাইক্লোন শেল্টারের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা



দলগতভাবে দুর্যোগে ক্ষতিগ্রস্ত ঘর-বাড়ি, রাস্তা-ঘাট, ব্রীজ-কালভার্ট ও বেড়িবাঁধ দ্রুত মেরামত করা



আঘাত প্রাপ্ত ব্যক্তিদের উদ্ধার করে মেডিকেল টিমের মাধ্যমে দ্রুত চিকিৎসার ব্যবস্থা করা




ত্রাণ বিতরণে যেন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় ও সকলে যাতে সুষ্ঠুভাবে ত্রাণ পায় সেদিকে লক্ষ্য রাখা

# জরুরি হটলাইন নম্বরসমূহ

| | | |
|---|---|---|
| সরকারি তথ্য ও সেবা ৩৩৩ | দুর্যোগের আগাম বার্তা ১০৯০ | কৃষক কল সেবা ১৬১২৩ |
| জরুরি সেবা ৯৯৯ | মৎস্য কল সেন্টার ১৬১২৬ | প্রাণিসম্পদ কল সেন্টার ১৬৩৫৮ |
| FIRE SERVICE HELP DESK 16163 | বিআইডব্লিউটিএ / নৌপরিবহন মন্ত্রণালয় হটলাইন নম্বর 16113 | লিগ্যাল এইড হেল্পলাইন ১৬৪৩০ |

# জাতীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সমন্বয় কাঠামো



# উপকূলীয় জলবায়ু ও দুর্যোগ প্রস্তুত জনগোষ্ঠী গঠনে করণীয় বিষয়ক নির্দেশিকা

**পুনঃ মুদ্রণ**
মে ২০২৫

**রচনা ও সম্পাদনা**
হিমাদ্রী শেখর মন্ডল
মোঃ ফেরদৌস আলম

**প্রচ্ছদ ও অলংকরণ**
হিমাদ্রী শেখর মন্ডল

**সার্বিক সহযোগিতায়**
এস এম জগলুল রাজীব
মোঃ বায়েজীদ বোস্তামী
মোহাম্মদ মাহবুবে সোবাহানী
মোঃ সাহাব উদ্দিন
আব্দুল্লাহ আল আমিন
উম্মে সুমাইয়া

**সার্বিক তত্ত্বাবধায়নে**
কাইছার রেজভী
মৃত্যুঞ্জয় দাস
মঈন উদ্দিন আহম্মেদ

**ছবিস্বত্ব ঃ**
Artificial intelligence – Midjourney - himadreeshekhar's server
https://www.midjourney.com/app/users/f16405c1-b051-4fd0-8cea-3630018fe22f/
National Alliance for Risk Reduction and Response Initiatives (NARRI)

**তথ্যসূত্র ঃ**
দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী ২০১৯
Start Network Joint contingency plan for cyclone in Patuakhali District
ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস মোকাবেলায় করণীয়, NARRI

**যোগাযোগ**
**হিউম্যানিটারিয়ান এন্ড ক্লাইমেট অ্যাকশন প্রোগ্রাম, কেয়ার বাংলাদেশ**
রাওয়া কমপেক্স (লেভেল ৭), ভিআইপি রোড, মহাখালী, ঢাকা - ১২০৬, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮০২ ৫৫০৫ ৮৩৭৭-৩ ফ্যাক্স ঃ ৮৮০২ ৫৫০৫ ৮৩৭৪
ইমেইল ঃ bgd.info@care.org

© Copyright: Humanitarian and Climate Action Program, CARE Bangladesh

**Promoting Disaster Ready Inclusive Preparedness towards Adaptation**
**(PRODRIPTA/প্রদৃপ্ত)**

মুদ্রণঃ....